দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

013

তারিখ 20 OCT 1988
পৃষ্ঠা ... 11 কলাম 5



## প্রফেসর জেড, এইচ, ভুইয়া কৃষি বিশ্ববিদ্যালয়ের নয়া ভাইস-চ্যান্সেলর

প্রফেসর জহিরুল হক ভুঁইয়াকে (৫৬) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নূতন ভাইস-চ্যান্সেলর নিয়োগ করা হইয়াছে। প্রফেসর ভুঁইয়া ১৯৬৩ সালে কৃষি বিশ্ববিদ্যালয়ে মৃত্তিকা বিজ্ঞান বিভাগে সহকারী অধ্যাপক হিসাবে যোগদান করেন। ১৯৭৩ সালে তিনি এই বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা বিজ্ঞান বিভাগে প্রফেসর নিযুক্ত হন। প্রফেসর ভুঁইয়া বিভাগীয় প্রধান হইতে শুরু করিয়া হলের প্রভোষ্ট, ছাত্রবিষয়ক উপদেষ্টা, কৃষি অনুষদের ডীন এবং একাধিকবার ভারপ্রাপ্ত ভাইস চ্যান্সেলরের দায়িত্ব পালন করেন। তিনি শিক্ষা কমিশনের একজন সদস্য। আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন এই মৃত্তিকা বিজ্ঞানীর ৮০টির মত গবেষণা প্রবন্ধ রহিয়াছে। প্রফেসর জেড, এইচ, ভুঁইয়া বিবাহিত এবং ৩ পুত্র ও ১ কন্যার জনক।